



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট

মো: মাকরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ)
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০
ইমেইল: prompa6@gmail.com
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দর পরিদর্শন করলেন বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (বিএনএসিডব্লিউসি) কর্তৃক গঠিত বিশেষজ্ঞ দল”

মোংলা বন্দর কর্তৃপক্ষের রাসায়নিক দ্রব্যের নিরাপত্তা ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে সহায়তা প্রদানের নিমিত্তে বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (BNACWC) কর্তৃক গঠিত বিশেষজ্ঞ দল অদ্য ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ মোংলা বন্দর পরিদর্শন করেন। এসময় তাদেরকে অভ্যর্থনা জানান মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল শাহীন রহমান। মোংলা বন্দরের সভাকক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষের সাথে বিএনএসিডব্লিউসি, কর্তৃক গঠিত বিশেষজ্ঞ দলের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এরপরে আমদানিকৃত কেমিক্যাল সংরক্ষণের জন্য নির্ধারিত মোংলা বন্দরের ৫ নং শেড ও জেটি এলাকা পরিদর্শন করে দেখেন প্রতিনিধি দল।

প্রতিনিধি দলের প্রধান হিসাবে উপস্থিত ছিলেন বিএনএসিডব্লিউসি’র চেয়ারম্যান লেফট্যানেন্ট জেনারেল মিজানুর রহমান শামীম, বিপি, ওএসপি, বিএএম, এনডিসি, পিএসসি এছাড়া প্রতিনিধি দলের সাথে আরো উপস্থিত ছিলেন কমডোর মো: আতিকুল রহমান, সদস্য সচিব, বিএনএসিডব্লিউসি, ড. মো: ইয়াসির আরাফাত খাঁন, সহযোগী অধ্যাপক, বুয়েট এছাড়াও আরো উপস্থিত ছিলেন মোংলা বন্দর ও বিএনএসিডব্লিউসি’র প্রতিনিধি দলের অন্যান্য কর্মকর্তাগণ।

স্বাক্ষরিত/-

উপপরিচালক (জনসংযোগ)